
নবাব ফয়জুল্লাহ বিদ্যালয়
১২৬ শিক্ষার্থীর
মধ্যে ১২১ জনের
বৃত্তি অর্জন

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা ●

কুমিল্লার ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান নবাব ফয়জুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশ নিয়ে ১২৬ জন শিক্ষার্থীর মধ্যে ১২১ জন বৃত্তি অর্জন করেছে। এর মধ্যে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে ৭৫ জন এবং সাধারণ গ্রেডে বৃত্তি অর্জন করেছে ৪৬ জন শিক্ষার্থী। প্রতিষ্ঠানের এ অসাধারণ সাফল্যে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে আনন্দের পরিবেশ বিরাজ করেছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাশেদা আক্তার এ ফলাফলে সন্তোষ প্রকাশ করে বলেন, শিক্ষার্থীদের অধ্যবসায় ও শিক্ষকদের নিরলস প্রচেষ্টার ফলেই এ সাফল্য অর্জিত হয়েছে। ভবিষ্যতেও ধারাবাহিকভাবে ভালো ফল ধরে রাখতে বিদ্যালয় কর্তৃপক্ষ কাজ করে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এদিকে কুমিল্লা শিক্ষা বোর্ডে জুনিয়র বৃত্তি পরীক্ষায় ৩৫ হাজার ৯৪৮ জন পরীক্ষা দিয়ে বৃত্তি পেয়েছে ৫ হাজার ২৭০ জন। এর মধ্যে মেধাবৃত্তি (ট্যালেন্টপুল) পেয়েছে ১ হাজার ৬৭৭ জন ও সাধারণ বৃত্তি ৩ হাজার ৫৯৩ জন। বৃত্তি পেয়েছে ১৪ দশমিক ৬৬ শতাংশ শিক্ষার্থী। কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক রুনা নাছরীন বিষয়টি নিশ্চিত করেছেন।
